বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

প্রফেশনাল টেকনিক ও স্ট্রাটেজি মডেলিং

প্রফেশনাল টেকনিক ও স্ট্রাটেজি মডেলিং এর সেশন শুরুর পূর্বে আমাদের কোয়ালিটি প্লান সম্পর্কে একটু জেনে নেয়া উচিত। একটি ইন্সটিটিউটের স্ট্রাটেজিক প্ল্যানের মত কোয়ালিটি প্লানও গুরুত্বপূর্ণ। একটি গতানুগতিক কোয়ালিটি প্ল্যানে যা যা থাকে তা হল:-

- কোয়ালিটি অবজেক্টিভ ও পলিসি
- অর্গানাইজেশনাল চার্ট
- অথরাইজেশন এবং রিস্পনসিবিলিটিজ
- ক্রিটিকাল সাকসেস ফ্যাক্টরস (সিএসএফ)
- মেজারমেন্ট মেথড
- কোয়ালিটি কন্ট্রোলের ফ্রিকুয়েন্সী ও প্রক্রিয়া
- ইন্সপেকসন, অডিট এবং রিভিউ এর প্রক্রিয়া

প্রফেশনাল টেকনিক ও স্ট্রাটেজি মডেলিং এর সেশন শুরুর পূর্বে আমাদের কোয়ালিটি প্লান সম্পর্কে একটু জেনে নেয়া উচিত। একটি ইন্সটিটিউটের স্ট্রাটেজিক প্ল্যানের মত কোয়ালিটি প্লানও গুরুত্বপূর্ণ। একটি গতানুগতিক কোয়ালিটি প্ল্যানে যা যা থাকে তা হল:-

- কোয়ালিটি সংক্রান্ত ভিশন এবং অবজেকটিভস
- অথরাইজেশন ও রেস্পনসিবিলিটিজ
- ক্রিটিকাল সাকসেস ফ্যাক্টরস
- মেজারমেন্ট মেথড বা যাচাই এর প্রক্রিয়া

চলুন এবার দেখে নেই যে কিভাবে আমরা প্রফেশনাল টেকনিক ও স্ট্রাটেজি মডেল করতে পারি-

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

প্রফেশনাল টেকনিক ও স্ট্রাটেজি মডেলিং

আমরা সবাই কিন্তু চাইলেই আমাদের প্রফেশনাল পারফর্মেন্স এর উন্নতি করতে পারি। প্রথম ও সবচেয়ে গুরুত্বপূর্ণ ধাপটিই হচ্ছে ইচ্ছা ও একাগ্রতা। নিজের প্রতি নিজের একটি কমিটমেন্ট যে, আমি আমার প্রফেশনাল পারফর্মেন্স এর উন্নতি ঘটাবোই। পরবর্তী ধাপটিই হচ্ছে, আপনার বর্তমান পারফর্মেন্সের যে অংশে আপনি দুর্বলতা আছে বলে বোধ করছেন সেটি চিহ্নিত করা। অবশ্য আপনি এটি আগে থেকেই জেনে থাকতে পারেন। কীভাবে? হতে পারে আপনি নিজেই তা উপলব্ধি করেছেন অথবা আপনার কোন ক্লায়েন্ট, কলিগ বা সুপারভাইজার আপনাকে বলেছেন। নিজের পারফরমেন্স নিজেই যাচাই করতে পারা অবশ্যই যে কারোর জন্য একটি গুরুত্বপূর্ণ স্কিল। অবশ্য মডেলিং এর মাধ্যমে এই দক্ষতার আরও উন্নতি করা সম্ভব।

চলুন এবার আমরা একটি তালিকা দেখি, যেখানে কিছু প্রফেশনাল টেকনিক ও স্ট্রাটেজির কথা বলা হয়েছে যেগুলোতে সচরাচর আমাদের আরও দক্ষ হওয়ার প্রয়োজনীয়তা দেখা যায়।

- কার্যারম্ভ ও সিদ্ধান্ত গ্রহণে নির্দেশনার কৌশল
- চ্যালেঞ্জিং পরিস্থিতিতে কনফিডেন্টলি উপস্থাপন করার স্ট্রাটেজি
- প্রবল চাপ ও বিরোধীতার মুখেও নৈতিকতার অনুশীলণ বজায় রাখার কৌশল
- আচরণগত ও ব্যক্তিগত উপস্থাপনের স্ট্যান্ডার্ড মডেলিং করার টেকনিক
- মোটিভেশনের কৌশল
- সময় ব্যবস্থাপনার কৌশল
- অন্যের অ্যাটিটিউড ও বিশ্বাস কে অ্যাকনলেজ ও শ্রদ্ধা করার স্ট্রাটেজি
- স্বক্রিয় অংশগ্রহণ নিশ্চিত করার কৌশল

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

প্রফেশনাল টেকনিক ও স্ট্রাটেজি মডেলিং

একটি নমুনা চেকলিস্ট দেখে নেই, যেটির মত করে আমরা নিজেরাও একটি সেলফ ইভ্যালুয়েশন করতে পারি। অথবা কলিগদেরও এতে ইনপুট দিতে বলতে পারি।

সেলফ ইভালুয়েশন চেকলিস্ট	হ্যাঁ	না
আমি কি ডিসিশন কনফিডেন্টলি নিয়েছি		
আমি কি কোন ইস্যুতে সকলের মনোযোগ আকর্ষণ করতে পারি?		
আমি কি নিজের মতাদর্শ প্রকাশ করতে পারি নাকি অন্যের মতামত মেনে নেই?		
আমি কি প্রেজেন্টেশন বা পাবলিক প্লেসে আত্মপ্রত্যয়ী হয়ে কথা বলতে পারি?		
আমি কি নিজের টার্গেট পূরণ করতে পারি? নাকি অন্যের কাজ শেষ করতে আমি হিমশিম খাই?		

যদিও এটি সহজ কাজ নয় যে, কলিগদের কাছ থেকে সৎ মতামত পাওয়া যাবে। কেননা তারা হয়ত, আপনার সাথে তাদের সম্পর্ক কেমন তার উপর ভিত্তি করে উত্তর দিবে। তবে যাই হোক, এর ফলে আপনি সহজেই আপনার পারফর্মেন্সের ব্যাপারে অন্যদের কী ধারণা তার একটি ছবি পেতে পারেন।

এছাড়াও আপনি মডেলিং এর ধারণা পেতে পারেন কোনো বই থেকে, কোনো প্রশিক্ষণ কোর্স করে, কলিগদের কাছ থেকে, কোনো একটি সোশ্যাল বা অর্গানাইজেশনাল নেটওয়ার্ক থেকে, অথবা আপনার ফিল্ডের কোনো এক্সপার্টের কাছ থেকে।